



আমেনা আক্তার



সাজেদা আক্তার

দারিদ্র্য উপেক্ষা করে দুই কিশোরীর জিপিএ-৫ লাভ

✽ মাসুম বিরাহ, গোপালদী বাজার (নারায়ণগঞ্জ) সংবাদদাতা

সদ্য ঘোষিত জেএসসি পরীক্ষায় নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় দুই হতদরিদ্র পরিবারের দুই কিশোরী জেএসসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে। এদের মধ্যে একজন মাটিকাটা শ্রমিকের মেয়ে সাজেদা আক্তার, অন্যজন হলো বই-খাতা ধার করে পড়াশোনা করা আমেনা আক্তার।

মাটিকাটা শ্রমিকের সন্তান সাজেদা আক্তার

সাজেদা আক্তার চৈতনকান্দা গোলাম মোহাম্মদ উচ্চবিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগ থেকে জেএসসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে। সাজেদা বলল, 'আমি বাবা-মার একমাত্র সন্তান। অনেক কষ্টে লেখাপড়া করতে হচ্ছে তাকে। কখনো লেখাপড়ার প্রয়োজনীয় সব সামগ্রী পাইনি। আমি যখন দেখি—বাবা মাটি কাটেন, তখন আমার আরো কষ্ট হয়। বাবার কষ্ট দেখে আমার লেখাপড়ার আগ্রহ বেড়ে যায়। আমি বাবার কষ্ট দূর করতে চাই।'

বই ধার নিয়ে লেখাপড়া করা আমেনা আক্তার

আমেনা আক্তার চৈতনকান্দা গোলাম মোহাম্মদ উচ্চবিদ্যালয় থেকে জেএসসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে। তার বাবার নাম ফজলুল হক। বাবা মারা যাওয়ার পর খেয়ে-না-খেয়ে চলে তাদের সংসার। আমেনা বলল, 'অনেক কষ্টে আমি লেখাপড়া করছি। ক্লাসের অন্য ছাত্র-ছাত্রীদের কাছ থেকে বই-খাতা ধার নিয়ে লেখাপড়া করেছি। যদি শেষ পর্যন্ত লেখাপড়া করে যেতে পারি, সংসারের হাল ধরতে পারব—আশা করি।'